# একাত্তরের ইতিহাসকে খাটো করার চেষ্টা চলছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

মুক্তিযুদ্ধের ইতিহাসকে ছোট করে দেখানোর চেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। তিনি বলেন, একাত্তরের অর্জনই বাংলাদেশের পরিচয়ের ভিত্তি এবং মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে কোনো ধরনের ষড়যন্ত্র সফল হবে না।

মঙ্গলবার (১১ আগস্ট) ঢাকা রিপোর্টার্স ইউনিটির শফিকুল কবির মিলনায়তনে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল ও মুক্তিযুদ্ধের প্রজন্ম আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রিজভী। জামায়াতে ইসলামীর বিভিন্ন বক্তব্য ও কর্মকাণ্ডের প্রতিবাদে সংবাদ সম্মেলন শেষে সংগঠন দুটির নেতাকর্মীরা রিপোর্টার্স ইউনিটি থেকে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয় পর্যন্ত বিক্ষোভ মিছিল করেন। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ হয়।

রিজভী বলেন, যারা ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার বিরোধিতা করেছিল, তাদের মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস নেই। তিনি জামায়াতে ইসলামীর রাজনৈতিক কর্মকাণ্ড নিয়েও সমালোচনা করেন এবং দলটির সঙ্গে আওয়ামী লীগের অতীত রাজনৈতিক সম্পর্কের বিভিন্ন দিক তুলে ধরেন।

জামায়াতের সাম্প্রতিক কর্মকাণ্ডের সমালোচনা করে তিনি বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দলটির ছাত্রসংগঠনের প্রতীক আঁকার ঘটনাসহ বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে একাত্তরের ইতিহাসকে খাটো করার চেষ্টা করা হচ্ছে। তার ভাষ্য, মুক্তিযুদ্ধের চেতনা মানুষের মধ্যে ছিল বলেই ২০২৪ সালের আন্দোলনে জনগণ স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে দাঁড়াতে পেরেছে। স্বাধীনতার ইতিহাসকে নতুন করে ছোট-বড় করার কোনো প্রচেষ্টা সফল হবে না বলেও মন্তব্য করেন তিনি।

সমাবেশে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সভাপতি ইশতিয়াক আজিজ উলফাত, সিনিয়র সহসভাপতি নজরুল ইসলাম, সহসভাপতি জাহেদুল হক শামীম ও সহসভাপতি ড. কে এম আই মন্টিসহ সংগঠন দুটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

LENS ASIA